## প্রশ্ন ও উত্তর – মিউনিসিপ্যালিটির যে সমস্ত শিশুদের বিদ্যালয় তার সংক্রান্ত (Scuola dell'Infanzia comunale)

### কিভাবে নিজের ছেলে বা মেয়েকে মিউনিসিপ্যালিটির শিশু বিদ্যালয়ে ভর্তি করানো যাবে ?
### ( কিভাবে এবং কখন ভর্তির জন্য আবেদন করা যাবে ?)

মিউনিসিপ্যালিটির শিশু বিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন শুধুমাত্র অনলাইনে করা যাবে , **https://servizi.055055.it/iscrizionematernefe/ -**
শুধুমাত্র উপরোক্ত ওয়েবসাইট এ গিয়ে এই পদ্ধতি সম্পন্ন করা সম্ভব । এই ব্যবস্থা শুধুমাত্র যখন ভর্তি প্রক্রিয়া চালু থাকবে তখনই করা সম্ভব হবে ।

### একসাথে অনেকগুলি বিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন জমা দেওয়া সম্ভব ?

না সম্ভব নয় । যদিও আবেদনপত্রে একের বেশী আর একটি বিদ্যালয়ের নাম লেখা যেতে পারে কারণ যদি কোনো কারণে প্রথম পছন্দের বিদ্যালয়ে জায়গা না থাকে তাহলে সেক্ষেত্রে দ্বিতীয় বিদ্যালয়কে বেছে নেওয়া হবে । তবে আবেদনপত্রে শুধুমাত্র মিউনিসিপ্যালিটির বা সরকারি বিদ্যালয়ের নামই লেখা যাবে , কারণ এই বিদ্যালয়গুলি নিজেদের মধ্যে অনলাইন ব্যবস্থাপনায় সংযুক্ত ।
অনুগ্রহ করে বলা হচ্ছে যে বিদ্যালয়ের নাম নির্বাচনের সময় নিজের বাসস্থান অঞ্চলের বিদ্যালয়কে বেছে নিতে কারণ সেক্ষেত্রে যখন তালিকা বেরোবে তখন বেশি নম্বর পেয়ে আবেদনকারীর নাম ওপরের দিকে থাকার সম্ভাবনা অনেক বেশি হবে।

### আমার জন্য নির্দিষ্ট বিদ্যালয় কিভাবে চিনতে পারবো ?

**https://www.comune.fi.it/servizi/cercascuola**

**উপরোক্ত এই ওয়েবসাইট দেখে " motore di ricerca scuole di appartenenza" এই লেখাটির ওপরে ক্লিক করে বোঝা যাবে ।**

### কখন বুঝতে পারবো যে আমার ভর্তির জন্য আবেদনপত্র গৃহীত হয়েছে ?

মার্চ বা এপ্রিল মাসের মধ্যে সাধারণভাবে নতুন ছাত্র বা ছাত্রী যারা আবেদন করেছে ভর্তির জন্য তাদের নামের তালিকা প্রকাশিত হয় । এই তালিকাটি ফ্লোরেন্স মিউনিসিপ্যালিটির **https://educazione.comune.fi.it/**
উপরোক্ত এই ওয়েবসাইটের থেকে সহজেই পাওয়া যাবে । বা প্রত্যেকটা বিদ্যালয়ে আলাদা আলাদাভাবে পাওয়া যাবে ।

### যদি কোনো কারণে ভর্তির জন্য আবেদনপত্র বিদ্যালয় খারিজ করে দেয় তাহলে সেক্ষেত্রে পরিবারগুলিকে কি ব্যবস্থা নিতে হবে?

এক্ষেত্রে অন্য কোনো বিদ্যালয়ে ভর্তির জন্য নতুনভাবে আবেদনপত্র জমা দেওয়া যাবে , তবে শুধুমাত্র আগেরবারের আবেদনপত্র জমা দেবার তারিখ শেষ হবার পরেই । সেক্ষেত্রে দ্বিতীয় তালিকা যা জুলাই মাসের মধ্যে বেরিয়ে যায় তাতে এই নতুন আবেদনপত্র ধার্য করা হবে , যদি বিদ্যালয়গুলিতে জায়গা খালি থাকে । এই পদ্ধতি তখনই শুরু হবে যখন আগেরবারের আবেদনপত্রের জমা দেবার তারিখ বন্ধ হয়ে যাবে ।

### বিদ্যালয় কবে থেকে কবে অবধি খোলা থাকে ?

বিদ্যালয়ের খোলা থাকার সময়সীমা তোসকানা অঞ্চল থেকে নির্ধারণ করা হয়েছে সেই অঞ্চলের বিদ্যালয়গুলির জন্য ।

## সপ্তাহের কতক্ষণ বিদ্যালয় খোলা থাকে?

সাধারণভাবে সোমবার থেকে শুক্রবার অবধি সকাল ৮.৩০ থেকে বিকেল ৪.৩০ টে অবধি বিদ্যালয় খোলা থাকে । তবে কেউ কেউ বেছে নিতে পারে অপেক্ষাকৃত কম সময়সীমা সেক্ষেত্রে বিদ্যালয় সোমবার থেকে শুক্রবার ৮.৩০ থেকে ১২.৩০ অবধি খোলা ।

## বছরের শুরুতে বিদ্যালয়ের সময়সীমা বেছে নেওয়া কি বাধ্যতামুলক?

হ্যাঁ ।

## বিদ্যালয়ে যাওয়ার সময়সীমা এগিয়ে দেওয়া কি সম্ভব ?

ভর্তির জন্য আবেদনপত্র জমা দেবার সময়ই বিদ্যালয়ে যাওয়ার সময়সীমা এগিয়ে দেওয়ার আবেদন করা সম্ভব, সকাল ৭,৩০ টা বা ৮ টায় বিদ্যালয়ে ঢোকার জন্য আবেদন করা সম্ভব । বিদ্যালয়ের এই ব্যবস্থা শুধুমাত্র তখনই চালু করা সম্ভব হবে যখন একটা নির্দিষ্ট সংখ্যক ছাত্র বা ছাত্রী এই আবেদন করবে ।

## বিদ্যালয় থেকে বেরোবার সময় কি পেছোনো সম্ভব ?

হ্যাঁ , ভর্তির জন্য আবেদনপত্র  জমা দেবার সময়ই বিদ্যালয় থেকে বেরোবার সময় পিছিয়ে বিকেল ৫ টা করা সম্ভব । তবে এই ব্যবস্থা শুধুমাত্র তখনই চালু করা সম্ভব হবে যখন একটা নির্দিষ্ট সংখ্যক ছাত্র বা ছাত্রী এই আবেদন করবে ।

## বিদ্যালয় থেকে তাড়াতাড়ি বেরিয়ে আসতে পারার জন্য আবেদন কিভাবে করতে হবে?

বিদ্যালয়ের সাধারণ সময়সীমার আগে বিদ্যালয় থেকে বেরোবার অনুমতি পাবার ক্ষেত্রে ছাত্র বা ছাত্রীর আবেদন আকস্মিক কোনো কারণে ঘটে থাকলে এবং নির্দিষ্ট উপযুক্ত কারণ দেখাতে পারলে তবেই গৃহীত হবে ।

এছাড়াও বিদ্যালয় থেকে দুপুরে যদি আগে বেরোতে চাওয়া হয় তাহলে পড়া বহির্ভূত যে সমস্ত কার্যকলাপ অর্থাৎ ( খেলাধুলা , গান, নাচ ... ) ইত্যাদিতে আগে উপস্থিত থাকার জন্য অনুমতি নিতে শিক্ষক শিক্ষিকার কাছে একটি ফর্ম ভর্তি করে জমা দিতে হবে ।

## বিদ্যালয়ে বাচ্চাদের জন্য দুপুরে বিশ্রামের ব্যবস্থা আছে?

শিশু বিদ্যালয়ে ঘুমের জন্য কোনো সময় নির্দিষ্ট নেই তবে দুপুরে খাবার পরে কিছু সময়ের জন্য বিশ্রামের ব্যবস্থা নির্দিষ্ট আছে ।

## খাবারের দায়িত্বে কে থাকে ?

যে অফিস খাবারের দায়িত্বে থাকে তার নাম হল (Mense Scolastiche ed Educazione Alimentare della Direzione Istruzione) তাদের ইমেল - refezione.controlliqualita@comune.fi.it

প্রত্যেক বিদ্যালয়ের খাবারের মেনু বিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়া থাকে https://educazione.comune.fi.it/pagina/mensa এবং ওয়েবসাইট থেকে এই অনলাইন অ্যাপলিকেশান ডাউনলোড করা সম্ভব এই লিঙ্ক থেকে https://ugalatartarugaconlavela.it/il-mio-calendario/

## দুপুরে খাবার সময় বাচ্চাদের কে সাহায্য করে ?

পড়ার সাথে সাথে খাবারের রুটিন মেনে চলার জন্য শিক্ষক বা শিক্ষিকারা নিযুক্ত থাকেন বাচ্চাদের দুপুরের খাওয়ার সময় ।

তাছাড়াও প্রত্যেকের খাবারের ভাগবন্টন দেখার জন্য একজন বিশেষকর্মী উপস্থিত থাকেন ।

## যে সমস্ত বাচ্চারা বিদ্যালয়ে নাম নথিভুক্ত করেছে তারা কি সরাসরিভাবেই বিদ্যালয়ে খাবার জন্যও নথিভুক্ত ?

না, যারা বিদ্যালয়ের সাধারণ সময়সীমা অর্থাৎ (বিকেল ৪.৩০ টা ) অবধি সময় বেছেছে তাদের খাবার সংক্রান্ত আলাদা ফর্ম ভর্তি করতে হবে ।

## নির্দিষ্ট খাবার খাওয়ার ক্ষেত্রে , শারীরিক বা ধর্মীয় কারণে বিশেষ খাওয়ার ক্ষেত্রে বা ক্যান্টিনের সংক্রান্ত বিষয়ে প্রশ্নের ক্ষেত্রে কার সাথে কথা বলা প্রয়োজন ?

খাবারের মেনু তখনই বদলানো সম্ভব যখন ছাত্র বা ছাত্রীর অ্যালার্জি বা কোনো খাবার খেলে অসুবিধা হয় । ( তবে ডাক্তারের সার্টিফিকেট তার জন্য দেখাতে হবে )। এছাড়াও নৈতিক কারণে বা ধর্মীয় কারণে কোনো খাবার না খেতে পারলে সেক্ষেত্রেও খাবারের মেনু বদলানো সম্ভব । ( স্বশংসাপত্র সমেত এইক্ষেত্রে আবেদন করা প্রয়োজন )।
তবে এই অনুরোধটি ভর্তির আবেদনপত্র জমা দেবার সময়ই করতে হবে । একমাত্র যদি না কোনো অসুবিধা বিদ্যালয় চলাকালীন হয় । এই অনুরোধ করার জন্য ফর্মটি নিচের লিঙ্কে পাওয়া যাবে https://educazione.comune.fi.it/pagina/mensa এবং সেটিকে শিক্ষক বা শিক্ষিকার হাতে দিতে হবে , যারা রান্নার জায়গায় সেটিকে জমা দেবে । এছাড়াও মাসে সর্বোচ্চ তিনদিন খুব "সহজপাচ্য ও হাল্কা খাবার " পাওয়া যেতে পারে যাদের গ্যাস্ট্রোইনটেস্টিনাল বিশৃঙ্খলা আছে তাদের জন্য । এবং এক্ষেত্রে কোনো ডাক্তারের সার্টিফিকেটও প্রয়োজন হবেনা। তবে যদি মাসে তিনদিনের বেশী এই ধরণের খাবারের জন্য আবেদন করা হয় সেক্ষেত্রে ডাক্তারের সার্টিফিকেট লাগবে ।

## কি কি জামাকাপড় বাচ্চাদের বিদ্যালয়ে আসার সময় সবসময় সাথে রাখতে হবে ?

বাচ্চাদের এমন পোশাক পরাতে হবে যাতে তাদের ব্যবহারিক কাজে সুবিধা হয় ( উদাহারণস্বরূপ বলা যেতে পারে জিমন্যস্টিক করার পোশাক , বন্ধ জুতো এবং ফিতে বাঁধা জুতো ...) এবং এমন পোশাক যা রঙের ব্যবহারে বা আঠার ব্যবহারে সহজে নোংরা হলেও ক্ষতি হবেনা । তাছাড়াও বাচ্চাদের জন্য আলাদা করে পাল্টে পরবার পোশাক যদি কোনো কারণে প্রয়োজন হয় তাহলে তা জামাকাপড়ের ব্যাগে করে বা কোনো বক্সে করে বিদ্যালয়ে জমা দিতে হবে । এবং মাঝে মাঝেই ঋতু পরিবর্তনের সাথে সাথে জামাকাপড় যা বিদ্যালয়ে জমা দিতে হবে তারও নিয়ন্ত্রণ করা হবে । পনেরো দিন অন্তর অন্তর বাচ্চার পিঠের ব্যাগে একটা প্লাস্টিকের গ্লাস , মুখ মোছার কাগজ , এবং খাবার রেখে খাওয়ার কাগজ দিয়ে দিতে হবে । প্রত্যেকটি পোশাকের ওপর এবং জিনিসপত্রের ওপর বাচ্চার নাম লিখে দেওয়া আবশ্যক ।

## বাচ্চারা কি পোশাকের ওপরে ঢিলে আংরাখা বিশেষ পোশাক পরবে ?

সব বিদ্যালয়ের জন্য একই নিয়ম কার্যকরী নয় । কোনো কোনো বিদ্যালয়ে এটা পরতে বলা হয় কোথাও বলা হয়না । যখন প্রথম বাচ্চাদের বিদ্যালয়ে নাম লেখানোর পরে শিক্ষক বা শিক্ষিকার সাথে বাচ্চার পরিবারের মিটিং হয় তখনই বলে দেওয়া হয় বাচ্চাকে এই বিশেষ ধরণের আংরাখা পরতে হবে কিনা ।

## যে সমস্ত বাচ্চারা বাথরুম বা টয়লেট ব্যবহারে পুরোপুরি সক্ষম নয় , যারা এখনো ডায়াপার বা ন্যপকিন ব্যবহার করে তারা কি বিদ্যালয়ে ভর্তি হতে পারে ?

হ্যাঁ , তারা বিদ্যালয়ে ভর্তি হতে পারে যদিও আশা করা হবে যাতে তারা টয়লেটের ব্যবহার নিজে নিজে করতে পারে ।

## বিদ্যালয়ের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্বে কারা থাকে?

E.S.E.(Esecutori Servizi Educativi) অর্থাৎ শিক্ষা পরিষেবার জন্য নির্দিষ্ট ব্যাক্তিরা ও বাইরের কর্মীরা যারা সাধারণভাবে পরিবেশ পরিষ্কার রাখার কাজ আইন মেনে করে থাকে ।

## মাথায় উকুন হলে কোনো নিয়ম মানা কি প্রয়োজন ?

হ্যাঁ , অবশ্যই নিয়ম মানা প্রয়োজন , প্রত্যেকটি ASL থেকে নির্দিষ্ট নিয়মকানুন আছে কিভাবে শিক্ষক , শিক্ষিকারা বা বাবা, মায়েরা উকুনের হাত থেকে বাঁচাতে বিদ্যালয়ে ব্যবহার করবে । উপদেশস্বরূপ বলা যেতে পারে যে নির্দিষ্ট সময় অন্তর বাচ্চার চুলে উকুন বা উকুনের ডিম হয়েছে কিনা পরীক্ষা করে দেখা উচিত , যদি থেকে থাকে তাহলে বাচ্চার বাবা, মাকে বিদ্যালয়ের শিক্ষক বা শিক্ষিকাকে জানাতে হবে , তখন তারাই বলে দেবে কি ব্যবস্থা নেওয়া প্রয়োজন ।

## কিভাবে ক্যাথলিক ধর্ম পড়ানোর জন্য আবেদন করতে হবে ?

ভর্তির আবেদন করার সময় , বাচ্চার পরিবারের পূর্ণ অধিকার থাকবে ক্যাথলিক ধর্ম তারা পড়াতে চায় বা চায়না কিনা  পুরো শিক্ষাবর্ষ চলাকালীন । যে সমস্ত বাচ্চাদের বাড়ী থেকে এই ধর্ম পড়ানোর জন্য আবেদন করা হবেনা তাদের জন্য অন্য কোনো বিষয় নির্দিষ্ট থাকবে করবার জন্য ।

## P.T.O.F. □□ □□□□ □□ ?

এর পুরো কথা হল Piano Triennale dell’ Offerta Formativa , অর্থাৎ তিনবছরের শিক্ষাবর্ষের পরিকল্পনা । এই ডকুমেন্ট প্রত্যেক শিশু বিদ্যালয়ের সংস্কৃতি ও পরিকল্পনা ব্যাখা করে , তাছাড়াও এরা এখানকার শিক্ষামন্ত্রক (MIUR) থেকে দেশীয় যে পরিকাঠামোর ওপরে বিদ্যালয়ের শিক্ষাদপ্তর কাজ করে ফ্লোরেন্স মিউনিসিপ্যালিটির তত্ত্বাবধানে তা অনুযায়ী বিদ্যালয়গুলির নিজস্ব কাজ করার ক্ষমতা বিস্তৃত করে ।

এই ডকুমেন্ট যে যে কাজ নির্দেশ করে তার মধ্যে ---- আতিথেয়তা , সামাজিকীকরণ বা অন্তর্ভুক্তিকরণ , শিক্ষার ধারাবাহিকতা , যেখানে থাকে সেই অঞ্চলের সাথে সম্পর্ক , বিভিন্ন কাজের নথিপত্রকরণ ।

## ভর্তির জন্য আবেদন করার সময় ক্লাসের বিভাগ বেছে নেওয়া কি সম্ভব ?

না ভর্তির জন্য আবেদন করার সময় বিভাগ বাছা সম্ভব নয় কারণ ভর্তির জন্য আবেদন বিদ্যালয়ে করা হয় বিভাগে নয় ।

## কিসের ওপর ভিত্তি করে ক্লাসের বিভাগ নির্বাচিত হয় ?

প্রত্যেক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের সংগঠন ক্লাসের কোন বিভাগে কে যাবে তা নির্বাচন করে। এবং ব্যবস্থাপনা অনুযায়ী যে যে বিষয়ের ওপর ভিত্তি করে বিভাগ নির্বাচন করা হয় তা হল --- ছাত্রছাত্রীর বয়সের অনুপাত , কোথা থেকে এসেছে , নাগরিকত্ব , এবং বিভিন্ন অসুবিধার ওপর ।

## যদি আমার দুই ছেলেমেয়ে থাকে যাদের দুজনকেই শিশুবিদ্যালয়ে ভর্তি করতে হবে তবে তাদের দুজনকেই কি একই ক্লাসের একই বিভাগে ভর্তি করানো সম্ভব ?

না , সম্ভব নয় । কারণ বাচ্চার নিজস্বতা তার নাগরিকত্বের ওপর ভিত্তি করে এবং বাচ্চাকে স্বয়ংসম্পূর্ণ করে তুলতে একই পরিবারের দুই বাচ্চাকে দুই বিভাগে ভর্তি করানো হয় ।

## কখন এবং কিভাবে ক্লাসের  বিভাগে কারা কারা আছে তা জানা যায় ?

বিভাগতালিকা প্রত্যেকটা বিদ্যালয় সেপ্টেম্বর মাসে প্রকাশ করে ।

## কখন কখন বিদ্যালয়ের সাথে পরিবারের যোগাযোগ করা প্রয়োজন যা আগে থেকে নির্দিষ্ট থাকে?

- নতুন ভর্তি হবার পর বাচ্চার বাবা, মায়ের সাথে বিদ্যালয় কর্তৃপক্ষের যে মিটিং হয় : তা জুন মাসের শেষে এবং সেপ্টেম্বরের প্রথমে বিদ্যালয় শুরু হবার আগে হয় এবং প্রত্যেক বিদ্যালয়ের ওপর এই তারিখ নির্ভর করে ।
- **P.T.O.F. (Piano Triennale dell'offerta )** অর্থাৎ তিনবছরের শিক্ষাবর্ষের পরিকল্পনা এই ডকুমেন্ট দেখাতে হয় : অক্টোবর ও নভেম্বরের মাঝামাঝি যেখানে বিদ্যালয় কর্তৃপক্ষ বাচ্চার পরিবারকে বিদ্যালয়ের শিক্ষাবর্ষের পরিকল্পনা কিভাবে এগোবে তা বুঝিয়ে দেয় ।
- আলাদা করে কথা বলা : প্রত্যেক বাচ্চার পরিবারের সাথে অন্তত বছরে একবার বিদ্যালয় কর্তৃপক্ষ কথা বলবেই । এছাড়াও যখন পরিবারের কেউ কথা বলতে চায় বিদ্যালয়ের সাথে তাহলে শিক্ষক বা শিক্ষিকারা পরিবারের সাথে কথা বলার জন্য তারিখ ঠিক করে । অথবা যদি শিক্ষক বা শিক্ষিকারা মনে করে পরিবারের সাথে কথা বলা জরুরি তাহলে পরিবারের সাথে আলাদা করে কথা বলা সম্ভব ।
- বিভাগ সম্মেলন – প্রত্যেক ক্লাসের প্রত্যেক বিভাগের শিক্ষক শিক্ষিকা ও বাচ্চার বাবা, মায়ের সাথে সম্মেলন হয় ।
- প্রতি ক্লাসের প্রতি বিভাগ থেকে কারোর সাথে কথা বলা বা বিদ্যালয়ের থেকে কারোর সাথে কথা বলার জন্য : যখন এই ধরণের সম্মেলন হবে তখন বাচ্চার বাবা, মায়েরা তাদের প্রতিনিধি ভোটের মাধ্যমে নির্বাচন করবে যাতে বিদ্যালয় ও পরিবারের মধ্যে সংযোগ স্থাপন করা সম্ভব হয় ।
- **P.T.O.F.** এর যাচাই করে নেওয়া : প্রত্যেক শিক্ষাবর্ষের শেষে বিদ্যালয় কর্তৃপক্ষ পরিবারের সাথে একসাথে কথা বলে দেখে কতটা বিদ্যালয় কর্তৃপক্ষের পরিকল্পনা অনুযায়ী **P.T.O.F.** অর্থাৎ তিনবছরের শিক্ষাবর্ষের পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে ।

## প্রত্যেক নিজস্ব শিক্ষক বা শিক্ষিকার কাছ থেকে কি ওষুধ চাওয়া সম্ভব ?

যদি কোনো কারণে বাচ্চার জীবন বাঁচাতে ওষুধ খাওয়ার প্রয়োজন হয় বিদ্যালয় চলাকালীন তাহলে সেক্ষেত্রে বাচ্চার পরিবারকে ডাক্তারের সার্টিফিকেট দিতে হবে এবং বাচ্চার পরিবারকে বাচ্চার শিক্ষক শিক্ষিকাকে অনুমতি দিতে হবে নির্দিষ্ট ফর্ম পূরণ করে ।

## কতদিন বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে বাচ্চাকে ডাক্তারের সার্টিফিকেট দিতে হবে ?

বাচ্চা অসুস্থ হলে পাঁচ দিনের বেশী টানা কামাই করলে ডাক্তারের সার্টিফিকেট দেওয়া প্রয়োজন । ছুটির দিন তখনই ধরা হবে যখন সেটা অসুস্থ হয়ে কামাই করার দিনের মাঝামাঝি পরবে ।
উদাহারণস্বরূপ বলা যায় ---

১. শুক্রবার থেকে কামাই করছি , বিদ্যালয়ে এলাম পরের বুধবার সেক্ষেত্রে সার্টিফিকেট বুধবার আনতে হবেনা । তবে বৃহস্পতিবার যদি বিদ্যালয়ে আসি প্রথম ,শুক্রবার থেকে কামাই করার পরে তবে ডাক্তারের সার্টিফিকেট লাগবে ।

২. যদি সোমবার থেকে কামাই করি এবং পরের সোমবার বিদ্যালয়ে আসি তবে সার্টিফিকেটের দরকার নেই । কিন্তু মঙ্গলবার বিদ্যালয়ে প্রথম অসুস্থ হয়ে কামাই করার পরে এলে ডাক্তারের সার্টিফিকেট লাগবে ।

যদি বাচ্চার হাত বা পা ভেঙে যায় ইত্যাদি ক্ষেত্রে যখন ব্যান্ডেজ বাঁধা অবস্থায় আসে বা কেটে গেছে বা সেলাই পরেছে বা ওষুধ চলছে এই অবস্থায় বাচ্চাকে বিদ্যালয়ে পাঠানোর ব্যাপারে বাচ্চার বাবা, মায়ের সইসমেত অনুমতিপত্র প্রয়োজন ।

**সবসময় আপডেট থাকতে নীচের এই ওয়েবসাইটে চোখ রাখুন**
**https://educazione.comune.fi.it/pagina/0-6-anni/3-6-anni**